

নম্বর: ০৫.৮১.০০০০.০০৭.৯৯.০২২.২৩ (অংশ-১)-৩৪৪

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩২
০৭ সেপ্টেম্বর ২০২৫

বিজ্ঞপ্তি


বিষয় : হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রজাতন্ত্রের অসামরিক কর্মে নিয়োজিত কর্মরত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের বিদেশ থেকে আগমন ও বর্হিগমনের সহায়তা সার্ভিস চালু সংক্রান্ত

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ কল্যাণ বোর্ডের (বিকেকেবি) ব্যবস্থাপনায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে টার্মিনাল-১ এর ভিতরে ১ নম্বর গেইট এর ২য় তলায় প্রজাতন্ত্রের অসামরিক কর্মে নিয়োজিত কর্মরত ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা-কর্মচারীগণের বিদেশ গমন ও আগমনের ক্ষেত্রে নির্বিঘ্ন, বিড়ম্বনাহীন, স্বাচ্ছন্দময় ও সহজতর করার প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে একটি কল্যাণ ডেস্ক স্থাপিত হয়েছে।

২। সেবা গ্রহণের পদ্ধতি:

- প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত কর্মরত-অবসরপ্রাপ্ত অসামরিক কর্মকর্তা-কর্মচারীগণ বিকেকেবির website থেকে google form এ আবেদনপূর্বক যথাযথ পরিচয়পত্র প্রদানের মাধ্যমে কল্যাণ ডেস্ক সুবিধা গ্রহণ করা যাবে;
- পূরণকৃত আবেদন স্ক্যান করে সংযুক্তিসহ ই-মেইল ঠিকানা viplounge@bkkb.gov.bd এ প্রেরণ করতে হবে;
- আবেদনের সাথে পাসপোর্ট, বিমানের টিকিট ও ভিসার ফটোকপি এবং কর্মরতদের ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমতিপত্র (GO), অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের ক্ষেত্রে অবসর/পিআরএল আদেশের কপি অবশ্যই সংযুক্ত করতে হবে;
- কেবলমাত্র প্রজাতন্ত্রের অসামরিক কর্মকর্তা-কর্মচারীগণের (কর্মরত/পিআরএল ভোগরত/অবসরপ্রাপ্ত) জন্য ২৪/৭ সার্বক্ষণিক সেবার আওতাভুক্ত হবেন। এ ক্ষেত্রে কোনো ফি প্রদান করতে হবে না।

৩। জনস্বার্থে জারিকৃত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।


(তসলিমা কানিজ নাহিদা)
মহাপরিচালক (সচিব)
ফোন: ০২-৪৯৩৪৯৩২৩
ই-মেইল- dg@bkkb.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
- ৩। সিনিয়র সচিব/সচিব.....
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
- ৫। বিভাগীয় কমিশনার (সকল)
- ৬। অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার প্রধান (সকল)
- ৭। সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
- ৮। পরিচালক (প্রশাসন/উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা
- ৯। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয় (সকল)
- ১০। জেলা প্রশাসক (সকল)
- ১১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পি.এ.সি.সি, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৫। তথ্য অফিসার, পি.আই.ডি, সংবাদ কক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা